


রাজনীতি

দাম বাড়ানোর পরও অন্য দেশের তুলনায় বাংলাদেশে তেল সস্তা: রিজভী



প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: বুধবার, ২৩ সেপ্টেম্বর ২০২৬, ০৭:৩৪ PM



বিশ্বের অন্যান্য দেশের তুলনায় বাংলাদেশে জ্বালানি তেলের দাম এখনো অনেক কম বলে দাবি করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী।

সোমবার (২১ সেপ্টেম্বর) দুপুরে এক সংবাদ ব্রিফিংয়ে তিনি বলেন, মধ্যপ্রাচ্যে যুদ্ধ চললেও সরকার জ্বালানিতে ভর্তুকি দিচ্ছে। দাম সমন্বয়ের পরও সরকারকে লোকসান গুনতে হচ্ছে।

রিজভী বলেন, □বিশ্বের অন্যান্য দেশের তুলনায় বাংলাদেশে জ্বালানি তেলের দাম অনেক কম। বর্তমানে মধ্যপ্রাচ্যে যুদ্ধ চলছে, তবুও আমরা জ্বালানিতে ভর্তুকি দিচ্ছি। মূল্য সমন্বয় করার পরও সরকারকে লোকসান গুনতে হচ্ছে।□

বিভিন্ন দেশের জ্বালানি তেলের বর্তমান দরের তুলনা তুলে ধরে বিএনপির এই নেতা বলেন, সরকার আন্তরিকতার সঙ্গে জ্বালানি সংকট

নিরসনে কাজ করে যাচ্ছে।

তিনি বলেন, কম দামে কীভাবে জ্বালানি তেল সরবরাহ করা যায়, তা নিয়ে আলোচনা না করে বিরোধী দলের লংমার্চে সরকারের বিরুদ্ধে যেসব ভাষা ব্যবহার করা হয়েছে, তা মোটেও কাম্য নয়। এক দফার হুঁশিয়ারি দেওয়া হলে বিএনপি হাত গুটিয়ে বসে থাকবে না বলেও সতর্ক করেন তিনি।

রাজধানীসহ দেশের বিভিন্ন জেলায় বাসে আগুন ও ককটেল বিস্ফোরণের ঘটনাকে “পরিকল্পিত সন্ত্রাসী কর্মকাণ্ড” বলে দাবি করেন রিজভী। তাঁর ভাষ্য, দেশকে অস্থিতিশীল করতেই এসব কর্মকাণ্ড চালানো হচ্ছে। একই সঙ্গে সামাজিক উন্নয়ন কর্মসূচি ও জনকল্যাণমূলক পদক্ষেপগুলোকে ভিন্ন খাতে নেওয়ার জন্য ষড়যন্ত্র করা হচ্ছে বলেও দাবি করেন তিনি।

এ বিভাগের আরও খবর



সরকারকে বেকায়দায় ফেলতে নাশকতার অপচেষ্টা চলছে: রিজভী
নির্বাচিত সরকারকে বেকায়দায় ফেলতে এবং দেশকে অস্থিতিশীল করতে বিভিন্ন ধরনের অপচেষ্টা চলছে বলে অভিযোগ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব ও প্রধান...



শিক্ষকরা শতভাগ বেতন সুবিধা পাচ্ছে এটা বিএনপি সরকারের অবদান: মঈন খান
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ড. আব্দুল মঈন খান বলেছেন, দেশের শিক্ষা ব্যবস্থাকে বাদ দিয়ে কোনোভাবেই একটি উন্নত ও শক্তিশালী জাতি...



আপনারা আখতারুজ্জামানকে নয়, মুক্তিযুদ্ধের ইতিহাসে হাতকড়া পরিয়েছেন: ড. মাসুদ এমপি
বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ও পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ বলেছেন, বীর মুক্তি...



রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের এগিয়ে আসার আহ্বান জামায়াত আমিরের
ওধু বয়ান করা নয়, রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের কাজ করার আহ্বান জানিয়েছেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/politics/dam-baranor-pro-onj-desh-tulnay-bangladeshe-tel-ssta-rijphi>